**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) কর্তৃক ২০২১-২০২২ সালে বাস্তবায়নযোগ্য সম্ভাব্য উদ্ভাবনী উদ্যোগ ও ডিজিটাল সেবা সংকলন :**

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

## খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

ভূমিকা:


খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন করে। এ কর্মপরিকল্পনায় ১৫ টি উদ্দেশ্য ও ৩৪ টি কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়। বিএমডির বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী ৬ টি ইনোভেশন সংক্রান্ত সভা, বিএমডির উদ্ভাবনী ধারণাসমূহ তথ্য বাতায়নে প্রকাশ, একটি উদ্ভাবনের উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন, উদ্ভাবন কমিটির সদস্যগণকে নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ করা হয়েছে।

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা এবং ২০১৭-২০১৮ অর্থবছরে বিএমডির দাপ্তরিক সেবাসমূহ-কে ডিজিটাল সেবায় রূপান্তরের নিমিত্ত এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগের যৌথ উদ্যোগে ‘‘ই-লাইসেন্স ও লিজ ম্যানেজমেন্ট সিস্টেম’’ সফটয়্যার প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ইতোমধ্যে ক্রয় প্রক্রিয়ার শেষ ধাপে ‘‘ই-লাইসেন্স ও লিজ ম্যানেজমেন্ট সিস্টেম’’ সফটওয়্যারের উপর কয়েকটি TOT & USER প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে বিএমডি, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বড়পুকুরিয়া কয়লা খনি, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানি, বিভিন্ন জেলা প্রশাসনের কর্মকর্তা/কর্মচারীগণ অংশ গ্রহণ করেছেন এবং সফটওয়্যারটি পরিচালনার দক্ষতা অর্জন করেছেন।

‘‘ই-লাইসেন্স ও লিজ ম্যানেজমেন্ট সিস্টেম’’ সফটওয়্যারের মাধ্যমে আগামী দিনে যে কোনো কোয়ারি ইজারা এবং অনুসন্ধান লাইসেন্স মঞ্জুরির আবেদন প্রক্রিয়াকরণের মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে ইজারা কার্যক্রম বাস্তবায়ন করা সম্ভব হবে।

অতিসম্প্রতি দেশের আলোড়ন সৃষ্টিকারী লৌহ আকরিকের বিশদ আবিষ্কার ও অনুসন্ধানের নিমিত্ত দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলাধীন আলীহাট এলাকার প্রায় ১০ বর্গ কিলোমিটার(১০০০ হেক্টর) ভূমিতে লৌহ আকরিক অনুসন্ধান লাইসেন্স গ্রহণের নিমিত্ত বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি লিমিটেড (বিসিএমসিএল) কর্তৃক বিএমডিতে আবেদন দাখিল করা হয়। দাখিলকৃত আবেদনের সমস্ত সংলগ্নীসমূহ যাচাই-বাছাই ও পর্যালোচনা করে লৌহ আকরিক অনুসন্ধান লাইসেন্স অনুমোদনের জন্য বিএমডি, সরকার তথা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র অগ্রায়ন করে। পরবর্তীতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অনুমোদনক্রমে লৌহ আকরিকের প্রি-ফিজিবিলিটি স্টাডির কার্যক্রম দ্রুত সম্পন্নের লক্ষ্যে বিএমডি কর্তৃক চুক্তি স্বাক্ষরপূর্বক ০২ (দুই) বছরের জন্য বিসিএমসিএলের অনুকূলে লৌহ আকরিক অনুসন্ধান লাইসেন্স মঞ্জুরি প্রদান করা হয়েছে।

## ডিজিটাল পদ্ধতিতে অনুসন্ধান লাইসেন্স মঞ্জুরি/ইজারা প্রদানের প্রসেস ম্যাপ :



অনুসন্ধান লাইসেন্স ডিজিটাল সেবার **TCV (Time, Cost & Visit)** এনালাইসিস/তুলনা :

| | সহজিকরণের পূর্বের পদ্ধতি | সহজিকরণের পরের পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘণ্টা) | ১৩০ দিন | ১৩০ দিন |
| খরচ (নাগরিক ও অফিসের) | ২৫,০০০/- | ১০,০০০/- |
| যাতায়াত | ৬ বার | ২ বার |
| ধাপ | ১৭ | ১৭ |
| জনবল | ২০ জন | ১০ জন |
| দাখিলীয় কাগজপত্র | আবেদন ফরম, হালনাগাদ ছবি, ট্রেজারি চালানের কপি, জাতীয় পরিচয়পত্র, আয়কর ও ভ্যাট সনদ, ট্রেড লাইসেন্স, আর্থিক সচ্ছলতার সনদপত্র, বার্ষিক ফি জমার চালানের কপি | আবেদন ফরম, হালনাগাদ ছবি, ট্রেজারি চালানের কপি, জাতীয় পরিচয়পত্র, আয়কর ও ভ্যাট সনদ, ট্রেড লাইসেন্স, আর্থিক সচ্ছলতার সনদপত্র, বার্ষিক ফি জমার চালানের কপি অনলাইনে দাখিল |

=====**সমাপ্ত**=====

২৬.০১.2022
আজিজুল হক
সহকারী পরিচালক (ভূ-রসায়ন)
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

২৬-০১
২০২২
মোঃ মাহফুজুর রহমান
উপপরিচালক (খনি ও খনিজ) (চ.দা.)
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

২৫.০১.২০২২
মোঃ মামুনুর রশীদ
উপ-পরিচালক
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৫.০১.2022
মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
পরিচালক (যুগ্ম সচিব)
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার